গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাজেট অধিশাখা
www.emrd.gov.bd

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **মো: জিল্লুর রহমান চৌধুরী**<br>**যুগ্ম সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ** |
| **তারিখ** | : | **২৮ মে ২০১৮** |
| **সময়** | : | **বেলা ১১:০০ ঘটিকা** |
| **স্থান** | : | **যুগ্ম সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ।** |
| **উপস্থিত সদস্য** | : | **পরিশিষ্ট-ক।** |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে কার্যপত্র অনুসারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব ও ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মোঃ হারুন-অর-রশিদ আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাকে অবহিত করা হয় যে, ডিজিটাল বোর্ড স্থাপনের লক্ষ্যে বড়পুকুরিয়া কয়লা খনি কোম্পানি লিমিটেড থেকে অর্থের সংস্থান করতে হবে এবং তা দ্রুত স্থাপন করতে হবে। দ্রুত ডিজিটাল বোর্ড স্থাপন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন টিম ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিম নিয়ে ঢাকার বাইরে ৫ দিনের সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণ ভেন্যু হিসেবে সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড বাছাই করা হয়। পূর্ণাঙ্গ কর্মশালা সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড,জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং বিজিএফসিএল আয়োজন করবে। এছাড়া এ বিভাগের আওতাধীন সকল কোম্পানিসমূহের সার্বিক কার্যক্রম তদারকির এবং কিভাবে সকল কোম্পানির কার্যক্রমে আরো স্বচ্ছতা আনা যায় সে বিষয়ে আলোচনা হয়। সেবা সহজীকরণ বিষয় নিয়ে এ বিভাগের উপসচিব (অপা:২) জানান যে, তার শাখার কার্যক্রম শতভাগ ই-ফাইলিং এ চলমান রয়েছে। নতুন নতুন সেবা সহজীকরণ বিষয় নিয়ে আলোচনা হয়; তার মধ্যে ডিজিটাল হাজিরা, পর্যায়ক্রমে Enterprise Resource Planning(ERP) কার্যক্রম চালু করা ইত্যাদি নতুন সেবা সহজীকরণ বিষয়ে চিফ ইনোভেশন অফিসার জানান যে, এ বিভাগের আওতাধীন সকল সংস্থার মামলাসমূহের পর্যবেক্ষণ করার লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা প্রয়োজন এবং সে লক্ষ্যে একটি কার্যকর ছক প্রনয়ন করা যেতে পারে।

০২। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১ **ডিজিটাল বোর্ড স্থাপন:** এ বিভাগের আওতাধীন কোন সংস্থা/কোম্পানি থেকে ধারে অর্থের সংস্থান করে দ্রুত ডিজিটাল বোর্ড স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন :** প্রশাসন-১ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

চলমান পৃষ্ঠা-০২

২.২ **সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:** সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ে প্রশিক্ষণটি সম্ভাব্য ২২-২৬ জুন ২০১৮ তারিখে আয়োজন করতে হবে।প্রশিক্ষণ কর্মশালাটি সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং বিজিএফসিএল যৌথভাবে আয়োজন করবে।
**বাস্তবায়ন:** সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বিজিএফসিএল।

২.৩ এ বিভাগ এবং আওতাধীন সকল সংস্থা/দপ্তরে ডিজিটাল হাজিরা স্থাপন করতে হবে।
**বাস্তবায়ন:** প্রশাসন-১ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.৪ সংস্থার মামলাসমূহের গতিবিধি পর্যবেক্ষণ করার লক্ষ্যে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা/ছক তৈরী করতে হবে।
**বাস্তবায়ন:** প্রশাসন-২ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-০৪/০৬/২০১৮
(মো: জিল্লুর রহমান চৌধুরী)
যুগ্মসচিব (চিফ ইনোভেশন অফিসার)

নং-২৮.০০.০০০০.০১৩.০৬.০১৪.১৭-৩৭(ক)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৫ / ০৪ জুন ২০১৮

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। উপসচিব (অপারেশন-২/উন্নয়ন-২/প্রশাসন-১/প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০২। উপপ্রধান (পরিকল্পনা-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক(সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড/জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড/বিজিএফসিএল)।
০৪। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)।
০২। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।

০৪/০৬/২০১৮
(মোঃ হারুন-অর-রশিদ)
উপসচিব (বাজেট)
ও
সদস্য সচিব
ইনোভেশন কমিটি
ফোন: ৯৫৪০২৭১